

ধর্ম সঙ্গীত

সকল দৃশ্যে সকল বিশ্বে
আনন্দ-নিকেতন ।
জয় জয় আনন্দময় ॥

আনন্দ চিন্ত-মাঝে,
আনন্দ সর্বকাজে,
আনন্দ সর্বকালে,
দৃশ্যে বিপদজালে,
আনন্দ সর্বলোকে,
মৃত্যু বিরহে শোকে,
জয় জয় আনন্দময় ॥

বল দাও মোরে বল দাও,
প্রাণে দাও মোর শক্তি
সকল হৃদয় লুটায়ে
তোমারে করিতে প্রণতি ॥
সরল স্বপথে ভ্রমিতে,
সব অপকার ক্ষমিতে,
সকল গর্ব দমিতে,
খর্ব করিতে কুমতি ॥

গান

হৃদয়ে তোমারে বুঝিতে,
জীবনে তোমারে পৃজিতে,
তোমার মাঝারে খুঁজিতে
চিন্তের চিরবসতি ॥

তব কাজ শিরে বহিতে,
সংসার-তাপ সহিতে,
ভব-কোলাহলে রহিতে,
নৌবনে করিতে ভকতি ॥

তোমার বিশ্বাসিতে
তব প্রেমরূপ লভিতে,
গ্রহ তারা শশী রবিতে
হেরিতে তোমার আরতি

বচন মনের অঙ্গীতে,
ডুবিতে তোমার জ্যোতিতে
স্থখে দুখে লাভে ক্ষতিতে
শুনিতে তোমার ভারতী

শান্ত হ'রে মগ চিন্ত নিরাকুল,
শান্ত হ'রে ওরে দীন ।

হের চিদম্বরে মঙ্গলে শুন্দরে
সর্ব চরাচর লীন ।

ধর্ম সঙ্গীত

শুনরে নিখিল-হৃদয়-নিষ্পত্তি
শৃঙ্খতলে উথলে জয়সঙ্গীত,
হের বিশ্ব চির-প্রাণ-তরঙ্গিত.
মন্দিত নিত্য মর্বান।

নাহি বিনাশ বিকার বিশোচন,
নাহি দৃঢ় স্বুখ তাপ ;
নিষ্পাল নিষ্পল নির্ভয় অক্ষয়,
নাহি জয়াজুর পাপ।
চির আনন্দ, বিরাম চিরস্তন,
প্রেম নিরস্তুর, জ্যোতি নিরঙ্গন,
শান্তি নিরাময়, কান্তি স্বনন্দন,
সান্ত্বন অন্তবিহীন।

যে কেহ মোরে দিয়েচ স্বুখ
দিয়েচ তাঁরি পরিচয়,
সবারে আমি নমি
যে কেহ মোরে দিয়েচ দুখ
দিয়েচ তাঁরি পরিচয়,
সবারে আমি নমি